বিবাহ, ভ্রমর, কবিতা

এ কোন্ বাগানে তুমি উড়েছ ভ্রমর, এ তো ডানায় গুঞ্জনে মধুমাখা!
এ কোন্ শিখরে তুমি উঠেছ বলো তো? এ যে পাঁজরে আকাশ লেগে যায়
এ যেন বিবাহ সেরে প্রথম বাসর জাগা, আধো ঘুমে স্বপ্ন পারাপার,
এ কোন্ সকালে তুমি উঠেছ কবিতা, এ কি কোনোদিন ভাবতে পেরেছিলে?

ভেবেছিলে কোনোদিন কপালে সিঁদুর লেগে অস্তরাগে রাঙা হয়ে যাবে?
এত যে গভীর সুরে গুঞ্জন পাকাবে তুমি ছেলেবেলা ভেবেছ ভ্রমর?
মনে আছে সে বয়স? প্রতি ফুলে মনে আছে? মনে আছে প্রত্যেক সৌরভ?
কত যে ফুলের রেণু মেখেছ দুপায়ে, আহা, ছুঁয়ে দিই পায়ের গোড়ালি!

পা দুটো কি ব্যথা করছে? বলো না ভ্রমর? এসো, টিপে দিই। ভালো লাগছে?
বলো?
আহা রে! কতবছর হেঁটেছ নাটোর থেকে, শ্রাবস্তী না তারও আগে থেকে?
এ কোনো প্রাচীন ধুলো এনেছ দুপায়ে আর পা রেখেছ পরমে আবার

এ কোন্ কবিতা? এ কি আদৌ আজকের? এ কি লিখতে লিখতে নিজেকে ডোব
াবে!

শিবাশিস মুখোপাধ্যায়

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com